# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৪৬৮ তারিখ : ২৪/০৮/২০২৫

বিষয়: **EQ-1, EQ-2 (Education Quota-1, 2)** কোটায় আবেদনের ক্ষেত্রে সতর্কতা প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫" অনুযায়ী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে আবেদনে **EQ-1, EQ-2 (Education Quota-1, 2)** কোটার ক্ষেত্রে নিম্নে বর্ণিত যোগ্যতা থাকতে হবে:

**EQ-1(Education Quota-1)** এর যোগ্যতাঃ এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে।

**EQ-2(Education Quota-2)** এর যোগ্যতাঃ এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ ২৮টি (কপি সংযুক্ত) দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি স্কুল, সরকারি কলেজ, সরকারি স্কুল এন্ড কলেজ এবং সরকারি শিক্ষা অফিসসমূহে কর্মরত শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানের ক্ষেত্রে বর্ণিত কোটা সুবিধা প্রযোজ্য হবে।

উল্লেখ্য, এ কোটায় সিলেকশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কলেজে ভর্তির সময় সংশ্লিষ্ট দপ্তর হতে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সেক্ষেত্রে উক্ত কোটার সঠিক প্রমাণক জমা দিতে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি হতে পারবে না। অতএব যে সকল শিক্ষার্থী **EQ-1, EQ-2 (Education Quota-1, 2)** কোটার বর্ণিত যোগ্যতা না থাকা সত্ত্বেও আবেদন করেছে বা নিশ্চায়ন করেছে তাদেরকে সংশ্লিষ্ট বোর্ডে গিয়ে আবেদন বা নিশ্চায়ন বাতিলপূর্বক পুনরায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

24.8.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
সভাপতি
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবক

| ক্রমিক | শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত অধিদপ্তর/অফিস/সংস্থার নাম (EQ-2 এর জন্য) |
|---|---|
| ০১ | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |
| ০২ | বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল |
| ০৩ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ০৪ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) |
| ০৫ | বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) |
| ০৬ | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ০৭ | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড |
| ০৮ | জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) |
| ০৯ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ১০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর |
| ১১ | আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |
| ১২ | বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন (বিএনসিইউ) |
| ১৩ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা |
| ১৪ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা |
| ১৫ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম |
| ১৬ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী |
| ১৭ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর |
| ১৮ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট |
| ১৯ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল |
| ২০ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর |
| ২১ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ |
| ২২ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড |
| ২৩ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাষ্ট |
| ২৪ | বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ২৫ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ২৬ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড |
| ২৭ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড |
| ২৮ | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) |